ফ্যাক্স বার্তা /ই-মেইল বার্তা

প্রাপক : পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
প্রেরক : বাংলাদেশ হাই কমিশন, নয়াদিল্লী
নম্বর : বাহক-নয়াদিল্লী/পিডি/৬১৬/২০২৪/২৯৬
তারিখ : ১৫ ফেব্রুয়ারি ২০২৫
সূত্র : ১৯.০০.০০০০.৬২৫.০২.০০৩.২২/৪৫ তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২৫

প্রথম সচিব (রাজনৈতিক) ও দূতালয় প্রধান হতে পরিচালক (জনকূটনীতি)

বিষয়: **তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষে গৃহিত কার্যক্রমের প্রতিবেদন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ হাই কমিশন, নয়াদিল্লী **'তারুণ্যের উৎসব ২০২৫'** উদযাপন উপলক্ষে ১৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে (শনিবার) ভারতের বিশেষত দিল্লীস্থ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বাংলাদেশী শিক্ষার্থীদের অংশগ্রহণে হাই কমিশনে একটি অনুষ্ঠানের আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে ভারপ্রাপ্ত হাইকমিশনার মহোদয়ের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে যোগদানকারী শিক্ষার্থীদের জন্য জুলাই অভ্যুত্থানের গ্রাফিতি প্রদর্শনের ব্যবস্থা করা হয়। অনুষ্ঠানে জুলাই অভ্যুত্থানে শহীদদের রুহের মাগফেরাত কামনা করে, আহতদের দ্রুত সুস্থতা কামনা করে এবং দেশের সার্বিক উন্নতির জন্য বিশেষ মোনাজাত পরিচালনা করা হয়। মিশনে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীবৃন্দসহ তাদের তরুণ সন্তানেরা উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। সবশেষে উপস্থিত অতিথিবৃন্দ ও অংশগ্রহণকারীদের জন্য আপ্যায়নের ব্যবস্থা করা হয়।

০২। এমতাবস্থায়, সূত্রোক্ত পত্রের সাথে সংযুক্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের পত্রে চাহিত ছক মোতাবেক প্রাসঙ্গিক তথ্যাবলী নিম্নে সন্নিবেশিত করা হলো:

ইভেন্টের নাম	ইভেন্টের সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা			অনুষ্ঠানে উপস্থিত গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব (উপদেষ্টা/ সচিব/ অন্যান্য)
		নারী	পুরুষ	মোট	
তারুণ্যের উৎসব ২০২৫	০১ টি	৩৮ জন	৫৭	৯৫	১) ভারতের (বিশেষত দিল্লীস্থ) বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বাংলাদেশী ছাত্রছাত্রীবৃন্দ; ২) ভারতে প্রশিক্ষণরত বাংলাদেশী কয়েকজন কর্মকর্তা; এবং ৩) হাই কমিশনের সদস্য ও তাদের তরুণ সন্তানসন্ততি।

০৩। ভারপ্রাপ্ত হাইকমিশনার মহোদয়ের নির্দেশক্রমে সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

(মোহাম্মদ জাহিদ হাসান চৌধুরী)


FESTIVAL OF YOUTH 2025
CREATING A NEW BANGLADESH
Youth Festival 2025
Change the Country, Change the World
Bangladesh High Commission
New Delhi
বাংলাদেশ হাই কমিশন, নয়া দিল্লী









